

উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব জুয়েল ভৌমিক, উপজেলা নির্বাহী অফিসার, আজমিরীগঞ্জ, হবিগঞ্জ।  
স্থান : উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ, আজমিরীগঞ্জ, হবিগঞ্জ।  
তারিখ : ০৯/১১/২০২৩খ্রি.  
সময় : বিকাল ০৩.০০ ঘটিকা।

সভাপতি উপস্থিত সদস্য গণকে স্বাগত জানিয়ে সভার আলোচ্য সূচী নিয়ে আলোচনা করার জন্য কমিটির সদস্য সচিব ও উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ জানান। (উপস্থিতি পরিশিষ্ট-ক) উপজেলা কৃষি অফিসার, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সদস্য সচিব ও উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, হবিগঞ্জ মহোদয়ের স্মারক নং- ১২.১৭.৩৬০০.০০.৩৮.০০০.২৩.১৩৫৫(৩৮)/১(৪) তাং- ৩১/১০/২০২৩ খ্রি. এর পত্রখানা সভায় উপস্থাপন করেন। তিনি জানান যে, চলতি রবি(২০২৩-২৪) মৌসুমে সরকার কৃষকদের বোরো হাইব্রিড আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে কৃষি প্রণোদনা কর্মসূচীর আওতায় ক্ষুদ্র ও প্রান্তিক চাষীদের মধ্যে বিনামূল্যে বীজ প্রদানের সিদ্ধান্ত নিয়েছেন। প্রতি কৃষককে ১ বিঘা জমির জন্য ২কেজি হাইব্রিড বীজ প্রদান করবে। অত্র আজমিরীগঞ্জ উপজেলায় বোরো হাইব্রিড ধান চাষের জন্য ৩০০০ জন প্রান্তিক ও ক্ষুদ্র চাষী ঐ কর্মসূচীর আওতায় ২কেজি হাইব্রিড বীজ সহায়তা পাবেন মর্মে এ সংক্রান্ত জেলা কমিটি পত্রে অবহিত করেছেন। সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নবর্ণিত হারে বোরো হাইব্রিড ধান আবাদী এলাকা, ভৌগোলিক অবস্থান, কৃষকের আয় হ এর উপর ভিত্তি করে পৌরসভা/ ইউনিয়নওয়ারী চাষী বিভাজন দেওয়া হয়।

ক্র./ নং-	পৌরসভা/ইউনিয়নের নাম	কৃষক সংখ্যা (জন)	মন্তব্য
০১	পৌরসভা	২০০	১ বিঘা জমির জন্য প্রত্যেক কৃষক ২কেজি করে বোরো (হাইব্রিড) ধান বীজ পাবেন
০২	আজমিরীগঞ্জ সদর	৩৫০	
০৩	বদলপুর	৭৫০	
০৪	জলসুখা	৫৫০	
০৫	কাকাইলছেও	৬০০	
০৬	শিবপাশা	৫৫০	
	উপজেলার মোট=	৩০০০	

এ ব্যাপারে সভায় আরো জানান হয় যে, এস এ এ ও গণ ও সংশ্লিষ্ট ট্যাগ অফিসারের সহায়তায় সংশ্লিষ্ট পৌর. / ইউনিয়ন পরিষদ চাষীর অগ্রাধিকার তালিকা প্রণয়ন করতঃ পৌর. / ইউনিয়ন কৃষি কমিটি অনুমোদন করে উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিকট প্রেরণ করবেন। পরবর্তীতে উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি তালিকা অনুমোদন করবেন।

জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সদস্য সচিব কর্তৃক প্রেরিত পত্রে জানা যায় যে, বোরো হাইব্রিড চাষে সহায়তার আওতায় ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মধ্যে বিনামূল্যে বীজ বিতরণের লক্ষ্যে ৬০০০ কেজি বোরো হাইব্রিড বীজ প্রয়োজন। সমৃদয় বীজের মূল্য, পরিবহন এবং আনুষাংগিক খরচের বরাদ্দ চেকের মাধ্যমে সভাপতি, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির অনুকূলে প্রদান করা হবে, যা নীতিমালা অনুযায়ী উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির মাধ্যমে খরচ করতে হবে। এ মর্মে বিস্তারিত আলোচনা করা হয় এবং ১২০০ কেজি বোরো হাইব্রিড বীজ বিএডিসি হবিগঞ্জ হতে এবং ৪৮০০ কেজি বোরো হাইব্রিড বীজ প্রতিষ্ঠিত বেসরকারি প্রতিষ্ঠান হতে বিধি মোতাবেক ক্রয়ের নির্দেশনা আছে। বীজ পরিবহনের নিমিত্ত কোটেশন এর মাধ্যমে পরিবহন ঠিকাদার নিয়োগ করার জন্য বিস্তারিত আলোচনা করা হয়। কর্মসূচীর সফল ও দ্রুত বাস্তবায়নের নিমিত্ত যথাযথ কার্যক্রম গ্রহণের জন্য সদস্য সচিবকে অনুরোধ জানানো হয়।

চলমান পাতা

বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ


সিদ্ধান্ত :

- ১। সভায় ইউনিয়ন ওয়ারী বোরো হাইব্রিড বীজ চাষে সহায়তার জন্য ক্ষুদ্র ও প্রান্তিক চাষীর অগ্রাধিকার তালিকা প্রনয়ণ করতঃ দাখিলের জন্য মেয়র/ চেয়ারম্যানদের চিঠি প্রদানের জন্য সিদ্ধান্ত গৃহীত হয় এবং অগ্রাধিকার তালিকা প্রণয়নে সংশ্লিষ্ট পৌরসভা/ ইউনিয়ন পরিষদের ট্যাগ অফিসারদের সহযোগিতা প্রদানের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।
- ২। বোরো হাইব্রিড বীজ বিএডিসি, হবিগঞ্জ থেকে এবং প্রতিষ্ঠিত বেসরকারি প্রতিষ্ঠান হতে পরিবহনের নিমিত্ত পরিবহন ঠিকাদার নিয়োগের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।
- ৩। বোরো হাইব্রিড বীজ ক্রয়ের নিমিত্ত সর্বনিম্ন দরদাতা প্রতিষ্ঠানকে চিঠি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।
- ৪। পরিবহন ঠিকাদার নিয়োগের জন্য দরপত্র মূল্যায়ন কমিটি নিম্নোক্ত কর্মকর্তাগণের সমন্বয়ে গঠনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

মূল্যায়ন কমিটি নিম্নরূপ :

- |   |          |
|---|----------|
| ১। উপজেলা কৃষি অফিসার, আজমিরীগঞ্জ               | আহবায়ক। |
| ২। উপজেলা মৎস্য অফিসার, আজমিরীগঞ্জ              | সদস্য।   |
| ৩। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, আজমিরীগঞ্জ      | সদস্য।   |
| ৪। উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, আজমিরীগঞ্জ | সদস্য।   |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
০৯/১১/২০

উপজেলা নিবাহী অফিসার

ও

সভাপতি

উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি  
আজমিরীগঞ্জ, হবিগঞ্জ।

স্মারক নংঃ ৬৭১

তারিখ :- ০৯/১১/২০২৩ খ্রি.

অনুলিপি :- সদয় জ্ঞাতার্থে।

- ১। মাননীয় সংসদ সদস্য, হবিগঞ্জ-২।
- ২। জেলা প্রশাসক, হবিগঞ্জ।
- ৩। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, হবিগঞ্জ।
- ৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আজমিরীগঞ্জ।
- ৫। প্রশাসক/চেয়ারম্যান .....পৌরসভা/ইউনিয়ন, আজমিরীগঞ্জ।
- ৬। ট্যাগ অফিসার (সকল)..... পৌরসভা/ ইউনিয়ন, হবিগঞ্জ সদর। আপনাকে অগ্রাধিকার তালিকা প্রণয়নে সহযোগিতা করার জন্য অনুরোধ করা হলো।
- ৭। .....সদস্য, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, আজমিরীগঞ্জ
- ৮। অফিস কপি

  
০৯/১১/২০

উপজেলা কৃষি অফিসার

ও

সদস্য সচিব

উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি  
আজমিরীগঞ্জ, হবিগঞ্জ।